


بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ৮ম সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। সমাবর্তন উপলক্ষে গ্রাজুয়েট, তাদের পরিবার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আমি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

সমাবর্তন বিশ্ববিদ্যালয়ের অগ্রগতি ও বিকাশের ধারাকে প্রতিফলিত করার পাশাপাশি শিক্ষার্থীদের অর্জনকেও স্বীকৃতি প্রদান করে। বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে তাই সমাবর্তন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। উচ্চ শিক্ষা ও গবেষণা প্রসারের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের ভূমিকা অপরিসীম। বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলার পাশাপাশি সমৃদ্ধ বাংলাদেশ গড়তে দক্ষ ও মেধাবী মানব সম্পদের বিকল্প নেই। গুণগত শিক্ষা প্রদানের মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণে দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর দিন বদলের সনদে ২০১৪ সালের মধ্যে বাংলাদেশকে নিরক্ষরমুক্ত করার ঘোষণা দিয়েছেন। এ কার্যক্রম বাস্তবায়নে আমি সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানাই।

আমি ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ৮ম সমাবর্তনের সাফল্য কামনা করি।

বোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

কিউমেন

মোঃ জিল্লুর রহমান